সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল

**দিনাজপুর ব্যাঙ্ক লিঃ**

সিডিউল্ড ব্যাঙ্ক — (ক্লিয়ারিং সুবিধাযুক্ত)

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান

জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর

সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর (কলিকাতা), রায়গঞ্জ রাজসাহী, আলীপুর ডুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট (কলিকাতা), গাইবান্ধা ও দুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।

ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন

Ex. M. L. C.



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—:•:—


মণিগ্রামের প্রসিদ্ধ

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন

আবিষ্কৃত

**সোণামুখী**

কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৮শে আশ্বিন বুধবার ১৩৫৪ ইংরাজী 15th Oct. 1947 { ২১শ সংখ্যা



আপনার

**কম খরচার খাজাঞ্চী**

**ঢাকুরিয়া ব্যাঙ্কিং**

**করপোরেশন লিমিটেড**

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোনঃ কলিকাতা ১৭৪৪ টেলিগ্রামঃ ট্রুংকুম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, (এস, পি), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ (মুর্শিদাবাদ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস (লণ্ডন)



**ব্যয় নহে—সঞ্চয়**

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

## পোক্তা বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় সদর রাস্তার উপরে একখানি একতলা পোক্তা বাটী বিক্রয় আছে। ক্রয়েচ্ছুগণ নিম্ন-ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীসাকেতরঞ্জন ব্রহ্ম
রঘুনাথগঞ্জ ফাঁসীতলা

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৮শে আশ্বিন বুধবার সন ১৩৫৪ সাল

## দেশের সেবক বেশে
## দেশের সে বক

—:০:—

বোম্বাই এর ৮ই অক্টোবর তারিখের এক সংবাদে প্রকাশ—কংগ্রেস-সভাপতি আচার্য্য কৃপালনী গান্ধী-জয়ন্তী উপলক্ষে অনুষ্ঠিত এক জনসভায়—যে সকল লোক কংগ্রেস কর্ম্মীর মুখোস পরিয়া সমাজ বিরোধী কার্য্যকলাপ চালাইয়া যাইতেছে, তাহাদের তীব্র সমালোচনা করেন।

আমরা আচার্য্যদেবকে এই সত্য তথ্য আবিষ্কারের জন্য আন্তরিক ধন্যবাদ জানাইতেছি এবং তাঁহাকে এই অনুরোধ করিতেছি যেন তিনি বর্ত্তমানে রাজ্য শাসকগণের প্রত্যেক রাজপুরুষকে বুঝাইয়া দেন যে স্বর্গীয় কবি অতুল-প্রসাদের কবিতার একাংশ অক্ষরে অক্ষরে ফলিতে আরম্ভ করিয়াছে।

"সিংহের বেশে বিচরিছে শিবা
বীর্য্য বিড়ম্বিত খল-কোলাহলে।"

রাষ্ট্রপতি যাহা এত শীঘ্র ধরিয়া ফেলিয়াছেন, সত্যের অবতার মহাত্মাজী অনেক ভণ্ডের ভণ্ডামিকে এখনও অবিশ্বাস করিতে পারেন নাই। আমরা ভগবানের ত্রেতা যুগের অবতার সরল-প্রাণ শ্রীরামচন্দ্রের ও তদীয় অনুগত ভ্রাতা লক্ষ্মণের সম্বন্ধে প্রচলিত একটী গল্প বলিতেছি শ্রবণ করুন।

বনবাস কালে পম্পা সরোবরের তীরে ধীরে ধীরে পদবিক্ষেপকারী মৎস্যান্বেষণে রত একটী বকের বাহ্যিক ভাব দেখিয়া মুগ্ধ হইয়া রামচন্দ্র লক্ষ্মণকে সম্বোধন করিয়া বলিলেন—

"শনৈঃ শনৈঃ ক্ষিপেৎ পাদৌ
প্রাণীনাং বধ-শঙ্কয়া।
পশ্য লক্ষ্মণ পম্পায়াং
বকঃ পরম ধার্ম্মিকঃ॥"

ভাবার্থ—পাছে তাহার পায়ের ঘায়ে কোনও প্রাণী মৃত্যুমুখে পতিত হয়, এই আশঙ্কা করিয়া ধীরে ধীরে পদ বিক্ষেপ করিতেছে। ভাই লক্ষ্মণ! পম্পা সরোবরে পরম ধার্ম্মিক বককে দর্শন কর।

লক্ষ্মণ বকের মতলব আচার্য্যদেবের ছদ্মবেশী কংগ্রেস-কর্ম্মীর অপকর্ম্মের মত অবগত ছিলেন। তিনি সসম্মানে অগ্রজ রামচন্দ্রকে বলিলেন—

"ন জানাসি রাঘব ত্বং
বকঃ পরম দারুণঃ।
নির্জ্জীব-ভক্ষকো গৃধ্রঃ
সজীব-ভক্ষকো বকঃ॥"

ভাবার্থ—বক যে কি দারুণ জীব, রাঘব আপনি তাহা জানেন না। গৃধ্র ( শকুনি ) মৃত প্রাণীর মাংস আহার করে, আর এই বক জীবন্ত প্রাণী ধরিয়া খায়।

রামচন্দ্র ভবিষ্যতে লক্ষ্মণের কথাই সত্য বলিয়া লক্ষ্মণের দূরদর্শিতার নিশ্চয় প্রশংসাই করিয়াছিলেন।

আমরা বর্ত্তমান রাজশক্তির নিকট সবিনয় নিবেদন করিতেছি যে মতলববাজ লোক ছদ্মবেশী কংগ্রেসী বা মহাত্মার ভক্ত সাজিয়া যাতে দোহাত্তা অহিংস লুঠ তরাজ না করিতে পারে তজ্জন্য কঠিন আইন প্রণয়ন করিয়া দেশকে সয়তানের কবল হইতে রক্ষা করার উপায় উদ্ভাবন করুন।

দেশে কর্ম্মীর বেশে বহু কুকর্ম্মী আছে, যাহারা "টু-পাইস্" পে'লেই মত, পথ, বেশ পরিবর্ত্তন করিয়া বহুরূপী সাজিয়া নিজেকে খুব চালাক মনে করে। ধরা পড়লেও লজ্জা নাই। আজ এক পক্ষের নির্ব্বাচন প্রার্থীর অর্থ কিছু গলাধঃকরণ করিয়া কংগ্রেসের প্রার্থীকে মাতাল, মূর্খ, চরিত্রহীন ইত্যাদি হাতে কলমে লিখিয়া যাহাতে তিনি নির্ব্বাচিত না হন তাহার জন্য সাময়িক চেষ্টা করিয়াও, যেই কংগ্রেস মনোনীত ব্যক্তি নির্ব্বাচিত হইলেন, অমনি তাহার চরণে রকমারী তেল মালিস করিতেও লজ্জাবোধ করে না। এদের স্বরূপ হচ্ছে—

"যাতে কিছু পাই, তাতেই খুসি,
কখন বা ব্রাহ্মণ সাজি,
হাতে নিয়ে ফুলের সাজি,
কখন বা তামাক সাজি,
সাজি মাটিতেও কাপড় ঠাসি।
যাতে কিছু পাই, তাতেই খুসি।"

দেহকে কংগ্রেসী করিতে বেগ পাইতে হয় না। একটা গান্ধী টুপি, একটা খদ্দর ধুতি, একটা খদ্দর জামা, ব্যস্, আর কে ধরে যে আমি স্বদেশী না স্বদ্বেষী। খদ্দের জোটাবার জন্যও সয়তানেরা খদ্দর ব্যবহার করে। আমরাও এদের অনেককে চিনি। যতটা পারি সাধারণের কাছে এদের মুখোস খুলবার যথাসাধ্য চেষ্টা করবো।

---

## রঘুনাথগঞ্জ সার্ব্বজনীন দুর্গাপূজা

১৩৫৩ সালের আয় ব্যয়ের হিসাব

রঘুনাথগঞ্জ সার্ব্বজনীন দুর্গাপূজার ১৩৫৩ সালের আয় ব্যয়ের হিসাব প্রকাশিত হইল। নানা কারণে হিসাব প্রকাশিত হইতে বিলম্ব হওয়ার জন্য আমরা অত্যন্ত দুঃখিত। এবার হিসাব পরীক্ষা করিয়াছেন শ্রীযুক্ত ঝড়ুলাল দাস, বি-এল মহাশয়। স্থানাভাব বশতঃ হিসাব পরীক্ষকের সমস্ত রিপোর্ট প্রকাশ করা সম্ভব হইল না। যাঁহারা সমস্ত হিসাব দেখিতে ইচ্ছা করেন, তাঁহারা শ্রীযুক্ত অবনীকুমার রায় এম-এ মহাশয়ের নিকট যাইয়া যে কোন দিন সকালে ও বৈকালে দেখিয়া যাইতে পারেন। অন্যান্য বৎসর অপেক্ষা

এ বৎসর জনসাধারণের নিকট হইতে আমরা আরও বেশী উৎসাহ ও উদ্দীপনা পাইব বলিয়া আশা করি।

জমা

গত বৎসরের মজুদ জমা—৸৶১৫
বর্ত্তমান বৎসরের চাঁদা আদায়—
২৮৩৶১৫
লক্ষ্মীপূজার চাঁদা আদায়— ১৯৸৴০
মোট জমা ————————
৩০৪৻১০

খরচ

প্রতিমা———৫৫৲
পূজার খরচ—১৪২৸৶০
মণ্ডপ নির্ম্মাণ—২৯৸১০
বাদ্য————১০৲
উৎসব——— ৭৷০
আলোক——— ২৷১০
বিবিধ——— ৩৷৶১০
লক্ষ্মীপূজা—— ১৬ ৻১০
———
২৬৬৸৶০
হাতে মজুদ— ৩৭৶১০
———
৩০৪ ৻১০

শ্রীরজনীকান্ত মিত্র, সভাপতি
শ্রীঅমিয়মোহন রায়, সম্পাদক

## পত্র প্রেরকের প্রতি

শ্রীসর্ব্বময় দেব সরকার
রঘুনাথগঞ্জ।

জঙ্গিপুর সাবডিভিসনের বাউণ্ডারী কমিটির চেয়ারম্যান শ্রীযুক্ত রোহিণীকুমার রায় মহাশয় আপনার পত্রের এক সুদীর্ঘ জবাব জঙ্গিপুর সংবাদে প্রকাশ জন্য রেজিষ্টারী ডাকযোগে পাঠাইয়াছেন। বর্ত্তমান সংখ্যায় স্থানাভাব বশতঃ উহা আগামী সংখ্যায় প্রকাশিত হইবে। জং সং

## নাটোরে মুসলমানের হিন্দু প্রীতি

আগামী বকরা-ঈদ পর্ব্বের জন্য যে ১৯ বস্তা চিনি ভাগে পাইয়াছিলেন, ফুড কমিটির মুসলমান সদস্যগণ তার সমস্তটাই দুর্গাপূজার জন্য হিন্দুদের দান করিয়াছেন বলিয়া প্রকাশ। চিনি মিষ্ট, কিন্তু এই ব্যবহার চিনির অপেক্ষা লক্ষগুণ মিষ্ট।

## ডাকাতি

গত মঙ্গলবার রাত্রিকালে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত মির্জ্জাপুর ইউনিয়নের পাঁচনপাড়া গ্রামের স্বর্গীয় পণ্ডিত হরিহর মুখোপাধ্যায়ের বাটীতে ডাকাতি হইয়াছে। দুর্বৃত্তগণ বাটীস্থ লোকজনকে সাংঘাতিকভাবে প্রহার করিয়া বহু দ্রব্য লুণ্ঠন করিয়াছে। পুলিশ সঙ্গে সঙ্গে অনুসন্ধান লইয়া কয়েক জনকে গ্রেপ্তার করিয়া জোর তদন্ত আরম্ভ করিয়াছেন।

## মফঃস্বলের কর্ম্মিগণকে সরকারী ক্ষমতা দেওয়ার ব্যবস্থা

ধান ও চাউলের চোরাকারবার এবং বেআইনী আমদানি রপ্তানি নিবারণে মফঃস্বল অঞ্চলের স্থানীয় জনহিতৈষী কর্ম্মী যে মূল্যবান সাহায্য দান করিয়াছেন, পশ্চিমবঙ্গ সরকার তাহার বিশেষ প্রশংসা করিতেছেন। এইরূপ সাহায্যকারীদের শক্তি যাহাতে বৃদ্ধি পায় এবং জনসাধারণের সহযোগিতা অধিকতর কার্য্যকরী হয়, তজ্জন্য গভর্ণমেণ্ট সিদ্ধান্ত করিয়াছেন যে, তাঁহাদিগকে টহলদার বাহিনীর ক্ষমতা দেওয়া হইবে। বেসামরিক সরবরাহ মন্ত্রীর অনুমোদন সাপেক্ষে স্থানীয় জনসেবা প্রতিষ্ঠানগুলি যে সকল কর্ম্মীর জন্য সুপারিশ করিবেন, একমাত্র তাঁহাদিগকেই উল্লিখিত ক্ষমতা দেওয়া হইবে। কলিকাতায় ১১-এ ফ্রি স্কুল ষ্ট্রীট সংগ্রহ ও সরবরাহ বিভাগের ডিরেক্টরের নিকট এ সম্পর্কে বিবরণ জানা যাইবে।

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।

## নোটিশ

এতদ্দ্বারা সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে আমার স্বামী ৺মনমোহন সাহা, সাং লালপুর তাঁহার জীবমানে তাঁহার যাবতীয় সম্পত্তি কোনওরূপ তছরুপাত না হয় এইজন্য তাঁহার সম্পত্তিসমূহ আমার নামে উইল করিয়া গিয়াছেন। উক্ত উইল অনুযায়ী আমি সমস্ত সম্পত্তির অধিকারিণী। আমার পুত্র শ্রীভোলানাথ সাহার মস্তিষ্ক বিকৃত। তাহার নিকট হইতে কেহ ঐ সম্পত্তি কি তাহার কোনও অংশ ক্রয় কি দায়বদ্ধ কি কোনওরূপ বন্দোবস্ত লয়েন বা তরফ পরাণপাড়ার সামিল প্রজাগণ কোনরূপ খাজনাপত্রাদি আদায় দেয় তাহা নিজ দায়িত্বে লইবেন। ইতি—

শ্রীকিরণশশী দাসী,
হাল মোং মালদহ।

## দেশবন্ধু পাঠাগার

বার্ষিক উৎসব—১৩৫৪

গত ২১শে আশ্বিন ১৩৫৪ দেশবন্ধু পাঠাগারের বার্ষিক উৎসব সম্পন্ন হইয়াছে। স্থানীয় জনসাধারণ পাঠাগারের উন্নতির জন্য যেরূপ আগ্রহ প্রকাশ করিয়াছেন এবং প্রধান অতিথি শ্রীযুক্ত গৌরচন্দ্র মণ্ডল (মহকুমা হাকিম) ও সভাপতি শ্রীযুক্ত অনাথবন্ধু শ্যাম (স্থানীয় প্রথম মুন্সেফ) তাঁহাদের অভিভাষণে পাঠাগারকে সাহায্যের জন্য যে প্রতিশ্রুতি দিয়াছেন তাহাতে মনে হয় পাঠাগার তাহার বর্ত্তমান দুরবস্থা কাটাইয়া শীঘ্রই উন্নতি করিতে পারিবে। শ্রীযুক্ত বিষ্ণুপদ রায়, শ্রীযুক্ত রোহিণীকুমার রায়, শ্রীযুক্ত সুধীরকুমার মুখোপাধ্যায় প্রভৃতি সাধারণের পক্ষ হইতে এই সভায় বক্তৃতা করেন এবং পাঠাগারকে উন্নত করিবার জন্য সকলকে চেষ্টা করিতে অনুরোধ করেন। আমরা আশা করি তাঁহাদের এই আবেদন বিশেষ কার্য্যকরী হইবে। এই সভায় সভাপতি মহাশয় পাঠাগারকে ২০৲ টাকা দান করিতে প্রতিশ্রুতি দিয়াছেন এবং শ্রীযুক্ত শরৎ চন্দ্র পণ্ডিত মহাশয় ৫৲ টাকা দান করিয়াছেন। পাঠাগারের পক্ষ হইতে আমরা সকলকেই আমাদের আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। আশা করি অদূর ভবিষ্যতে সকলের সাহায্য ও উৎসাহে পাঠাগার আবার তাহার পূর্ব্ব গৌরব ফিরিয়া পাইবে।

শ্রীঅবনীকুমার রায়
সম্পাদক, দেশবন্ধু পাঠাগার

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত




দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ